দৈনিক সংবাদ

তারিখ 0·2·NOV 1995
পৃষ্ঠা ৪ কলাম ৮

৭৪

## সেশনজটে এখন কৃষি বিশ্ববিদ্যালয় শীর্ষে

বাংলাদেশের একমাত্র কৃষি বিশ্ববিদ্যালয় যা এতদিন ধরে কৃষি প্রযুক্তি ও শিক্ষার গৌরবের সঙ্গে ভূমিকা পালন করে আসছিলো– তা এখন ছাত্র/ছাত্রীদেরকে আর আকৃষ্ট করতে পারছে না। কারণ, ছাত্র/ছাত্রীদের একবার ভর্তি হয়ে কমপক্ষে একটা পাস সার্টিফিকেট নিতে ৮/৯ বছর অতিক্রম করতে হয়। তাই জীবনের এত মূল্যবান সময় ব্যয় করে একটা সার্টিফিকেট পাওয়ার জন্য কেউ আগ্রহ প্রকাশ করছে না। ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রকৌশল, বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয় সেশনজট সমস্যা অনেকটা কমিয়ে এনেছে, কিন্তু কৃষি বিশ্ববিদ্যালয় এ ব্যাপারে মোটেই ভেবে দেখছে না। পরীক্ষা স্থগিত ঘোষণা করা, ফল দেরিতে প্রকাশ করা এই বিশ্ববিদ্যালয়ের রুটিন ওয়ার্কে পরিণত হয়েছে। এগুলো নিয়ে ছাত্র/ছাত্রী-অভিভাবকেরা অনেক লিখেছেন। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ পর্যন্ত একটি কথাও রাখেননি। ছাত্র/ছাত্রীরা আর কতদিন সেশনজটের যাতাকলে নিষ্পেষিত হবে এবং বুড়ো হয়ে একখানা সনদপত্র নিয়ে বেরিয়ে আসবেন– এই প্রশ্ন সবারই।

মাহবুবুল হক চৌধুরী
১৫৩ লেক সার্কাস, কলাবাগান
ঢাকা-১২০৫